১

# উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির অক্টোবর ২০২৫ মাসের সভারকার্য বিবরণীঃ

সভাপতি ঃ মোকলেদা খাতুন মীম
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর।
স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ
সভার তারিখ ঃ ২৯/১০/২০২৫খ্রিঃ ।
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার কার্যক্রম আরম্ভ করেন।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোনরুপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

সদস্য সচিব জানান যে, মা ও শিশু সহায়তা কর্মসূচি ও ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছর উপজেলায় ০৬টি ইউনিয়নে ভিডব্লিউবি ২০২৪-২০২৫ চক্রের আগষ্ট /২০২৫ মাসে উপকারভোগীদের মাঝে খাদ্য বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। ''মা ও শিশু সহায়তা ভাতা প্রদান কর্মসূচির আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে নির্বাচিত প্রতি ইউনিয়নে ১৫ জন করে সেপ্টেম্বর ও অক্টোবর/২০২৫ এই দুই মাসের ৬টি ইউনিয়নে মোট ১৮০ জন হিসাবে নতুন ভাতাভোগীর চুড়ান্ত নির্বাচন সমপন্ন হয়েছে। গত অর্থ বছরের ৬৪৮ জন ভাতাভোগীর ভাতার অর্থ তাদের নিজ নিজ সঞ্চয়ী/ এজেন্ট ব্যাংকিং হিসাবে **EFT** এর মাধ্যমে প্রেরণ কার্যক্রম চলমান।

"কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় উপজেলায় ০৬টি ইউনিয়নে ০৬টি কিশোর-কিশোরী ক্লাব কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।

সদস্য সচিব জানান যে, উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি অত্র উপজেলার মহিলা উন্নয়ন, নারী নির্যাতন প্রতিরোধ,যৌতুক ও বাল্য বিবাহ নিরোধ, ঝুকিপূর্ণ শিশুশ্রম বন্ধে এবং শিশুদের স্কুল থেকে ঝরে পড়ার হাত থেকে রক্ষা করতে একনিষ্ঠ ভাবে কাজ করে চলছে। কিন্তু বাল্য বিবাহের মাত্রাতিরক্তিতা কমাতে কার্যকরী ভূমিকা রাখতে পারছেনা । মাঠ পর্যায়ের অবিভাবক তথা জনগণের মধ্যে বাল্য বিবাহের কুফল,বাল্য বিবাহ নিরোধ আইন ও তার শাস্তি/জরিমানা সংক্রান্ত বিষয় গুলি সর্ম্পকে আরও ব্যাপক ও বিস্তারিত করণ প্রয়োজন এই কারণে প্রত্যেক ইউনিয়নে বিভিন্ন পেশাজীবির মানুষ ইউ,পি সদস্য, থানা,হাসপাতাল সকলকে সম্পৃক্ত করে যদি একটি করে সচেতনতামূলক সভার আয়োজন করা যায় তাহলে বাল্য বিবাহের কুফল সর্ম্পকে জানা অজানা তথ্য জনমনে প্রবেশ করানো সম্ভব হবে। ফলে বাল্য বিবাহের হার কমে আসতে পারে বলে আশা করা যায়।

এই পর্যায়ে সভাপতি ও সকল সদস্য প্রতি ইউনিয়নে সচেতনতামূলক সভা গুলোকে ফলপ্রসূ করার বিষয়ে একমত পোষণ করেন। তিনি আরও বলেন যে, এ বিষয়ে প্রত্যেক দপ্তরকে তাদের দাপ্তরিক কার্যক্রমের পাশাপাশি তাদের বিভিন্ন কমিটির সভা ও সেমিনারে এই বিষয় গুলো আলোচনা এই কার্যক্রমে সহায়ক হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৯/১০/২৫
(মোকলেদা খাতুন মীম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
কাহারোল, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
কাহারোল, দিনাজপুর।

স্মারক নং-৩২.০১.২৭৫৬.০০০.১৬.০২৪.২৫-২৬৬

তারিখঃ ২৭.১০.২০২৫ খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ
১। উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর।
২। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, দিনাজপুর।
৩। উপজেলা সমাজ সেবা অফিসার, কাহারোল,দিনাজপুর।
৪। উপজেলা সমবায় অফিসার, কাহারোল, দিনাজপুর।
৫। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর,(ইউডিএফ),কাহারোল, দিনাজপুর।
৬। চেয়ারম্যান,৩নং মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, কাহারোল,দিনাজপুর।
৭। অফিস কপি।

২৭.১০.২০২৫
(আফসানা মোস্তারী)
উপজেলামহিলা বিষয়ক কর্মকর্তা
কাহারোল, দিনাজপুর।

## পরিশিষ্ট ''ক''

## মহিলা ও শিশু উন্নয়ন কমিটির সভার উপস্থিতি

**সভায় উপস্থিত সদস্যগনের স্বাক্ষর ঃ**

| ক্রঃ নং | নাম ও পদবী | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | উপজেলা নির্বাহী অফিসার,কাহারোল, দিনাজপুর। | সভাপতি | |
| ০২। | উপজেলা সমাজ সেবা অফিসার, কাহারোল, দিনাজপুর | সদস্য | |
| ০৩। | উপজেলা সমবায় অফিসার, কাহারোল, দিনাজপুর। | সদস্য | |
| ০৪। | চেয়ারম্যান, ৩নং মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, কাহারোল, দিনাজপুর। | সদস্য | |
| ০৫। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর। | সদস্য সচিব | |